কালের কণ্ঠ

তারিখ 03 JAN 2016
পৃষ্ঠা ২ কলাম ৫

# বুয়েট ক্লাব '৯১-এর উদ্যোগে টেকনিক্যাল প্রেজেন্টেশন

নিজস্ব প্রতিবেদক ▷

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) '৯১ ব্যাচের উদ্যোগে টেকনিক্যাল প্রেজেন্টেশন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার রাত সাড়ে ৮টায় বুয়েট কেন্দ্রীয় অডিটরিয়ামে এ প্রেজেন্টেশন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। অনুষ্ঠানের প্রধান স্পন্সর ছিল বসুন্ধরা সিমেন্ট।

অনুষ্ঠানে বুয়েট ক্লাব '৯১-এর বেশ কয়েকজন সদস্য বিভিন্ন বিষয়ে টেকনিক্যাল প্রেজেন্টেশন উপস্থাপন করেন। ওই সদস্যরা হলেন অধ্যাপক ড. খান মাহমুদ আমানত, অধ্যাপক ড. তাহসীন আর হোসাইন, অধ্যাপক ড. মীর তারিক আলী, প্রকৌশলী হাসমতুজ্জামান, অধ্যাপক ড. হাসানুজ্জামান ও ড. শাহাদাত খান। অনুষ্ঠানের একপর্যায়ে ওই ব্যাচের মৃত্যুবরণকারী ১১ সদস্যের স্মরণে তাদের (হারানো বন্ধুদের) জীবন নিয়ে প্রামাণ্যচিত্র প্রদর্শন ও কবিতা পাঠ করা হয়। পরে বসুন্ধরা গ্রুপের পক্ষ থেকে উপহার দেওয়া বিশাল আকৃতির একটি কেক কাটেন উপস্থিত অতিথিরা।

ইঞ্জিনিয়ার আতিকুর রহমান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অধ্যাপক মেহেদী আহমেদ আনসারী, ইঞ্জিনিয়ার আবু হান্নান দেলোয়ার হোসেন, বসুন্ধরা সিমেন্টের ডেপুটি জেনারেল ম্যানেজার ইঞ্জিনিয়ার সরোজ কুমার বড়ুয়া ও মো. ইমাম আল কুদরত ই ইলাহী প্রমুখ।